

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইন্সটান গার্ডেন, রমনা, ঢাকা।
(www.wewb.gov.bd)

নং- ৪৯.০৪.০০০০.০১০.০০.৭০৫৯.১৫. ৮২৭১

তারিখঃ ২৫/০৮/২০১৫খ্রিঃ।

বিজ্ঞপ্তি

২০১৫ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের জন্য শিক্ষা বৃত্তির দরখাস্ত আহ্বান

প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা ২০১৫ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে এইচএসসি/সমমান অথবা ডিপ্লোমা শ্রেণীতে ১ম বর্ষ/সেমিস্টারে অধ্যয়নরত তাদের মধ্য থেকে নির্ধারিত সংখ্যক শিক্ষার্থীকে বৃত্তি প্রদানের নিমিত্ত নিম্নোক্ত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

- (১) আবেদনকারীকে ২০১৫ সালে এসএসসি/সমমান পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত হয়ে দেশের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে এইচএসসি/সমমান অথবা ডিপ্লোমা শ্রেণীতে ১ম বর্ষ/সেমিস্টারে অধ্যয়নরত হতে হবে। তবে যে সব কর্মী প্রবাসে মৃত্যুবরণ করেছেন তাদের সন্তানগণ জিপিএ-৪ প্রাপ্ত হলে আবেদন করতে পারবেন।
- (২) প্রবাসী কর্মীর আর্থিক অস্বচ্ছলতা বিবেচনায় তাদের মেধাবী সন্তানদের বৃত্তি প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।
- (৩) বিদেশে বৈধভাবে গমনকারী/বৈধভাবে কর্মরত কর্মীর সন্তানগণ (প্রত্যাগত কর্মী ও মৃতকর্মীসহ) শিক্ষা বৃত্তির জন্য আবেদন করতে পারবে।
- (৪) এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী বৃত্তির জন্য মনোনীত হলে শিক্ষার্থীকে একাদশ ও দ্বাদশ ২ বছর এবং ডিপ্লোমা শ্রেণীতে অধ্যয়নরতদের ৩ অথবা ৪ বছর মাসিক ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা এবং বাৎসরিক এককালীন বই ক্রয়সহ অন্যান্য আনুষঙ্গিক খরচ হিসাবে ৩০০০/- (তিন হাজার) টাকা প্রদান করা হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর সেশনজট বিবেচনায় আনা হবে না।
- (৫) শিক্ষাবৃত্তির জন্য মনোনীত হলে প্রতি বছর সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষের নিকট থেকে অধ্যয়নের অগ্রগতি সংক্রান্ত প্রত্যয়নপত্র এবং নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক) দাখিল সাপেক্ষে পরবর্তী বছরের বৃত্তি প্রদান করা হবে।
- (৬) আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবেঃ
 - i) পিতা/মাতা প্রবাসী কর্মী হওয়ার প্রমাণ হিসেবে আনুষঙ্গিক কাগজপত্রাদির (যেমনঃ পাসপোর্ট ও ভিসা, বিএমইটির বহির্গমন ছাড়পত্র/স্মার্ট কার্ড/প্রবাসে বৈধভাবে কর্মরত আছেন মর্মে দূতাবাস/হাইকমিশন কর্তৃক প্রত্যয়ন পত্র ইত্যাদি) সত্যায়িত ফটোকপি;
 - ii) একাদশ/সমমান অথবা ডিপ্লোমা প্রথম বর্ষ/সেমিস্টারে অধ্যয়নরত শিক্ষার্থীকে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের নিকট থেকে অধ্যয়নরত রয়েছে মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;
 - iii) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত);
 - iv) এসএসসি/সমমান পরীক্ষার মূল নম্বর পত্রের সত্যায়িত ফটোকপি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক);
- (৭) আবেদনপত্র সকল জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েবসাইট (www.wewb.gov.bd) হতে সংগ্রহ করা যাবে।
- (৮) আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে আনুষঙ্গিক কাগজপত্রাদিসহ আগামী ১৭ সেপ্টেম্বর, ২০১৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসে (ডিইএমও) জমা দিতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদনপত্র জমা নেওয়া হবে না।
- (৯) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সদর দপ্তরে সরাসরি কোন আবেদন গ্রহণ করা হয় না। সরাসরি কোন আবেদন প্রেরণ করা হলে তা বাতিল বলে গণ্য হবে।
- (১০) বৃত্তি প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- (১১) যে কোন তথ্যের জন্য জনাব মোঃ জাহিদ আনোয়ার, সহকারী পরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড (ফোন নম্বর-০২-৯৩৫৪২৮৩) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।


মোঃ নূরুল হোসাইন

পরিচালক(আইআরপি)
ফোন-০২-৯৩৪৩২৪৭

এই ফরম বিনামূল্যে বিতরণের জন্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।

(www.wewb.gov.bd)

পিএসসি, জেএসসি, এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তির আবেদন পত্র

পাসপোর্ট সাইজের
৪ কপি ও ২কপি
স্টাম্প সাইজের
সভ্যচিত্র ছবি

- আবেদনকারী ছাত্র/ছাত্রীর নাম (স্পষ্ট অক্ষরে) :
বাংলায় :
ইংরেজি :
শ্রেণী : রোল নম্বর :
বিভাগ/গ্রুপ : বর্ষ/সেমিস্টার :
- পিতার নাম :
- মাতার নাম :
- অভিভাবকের নাম ও সম্পর্ক (পিতা/ মাতার অবর্তমানে) : নাম : সম্পর্ক :
- জন্ম তারিখ ও বয়স : তারিখ :/...../..... বয়স : বছর
- অধ্যয়নরত প্রতিষ্ঠানের নাম :
- ঠিকানা ও ফোন নম্বর : ফোন :
- পিএসসি/জেএসসি/এসএসসি/এইচএসসি/সমমান পরীক্ষায় গ্রাণ্ড জিপিএ গ্রেড :
- বর্তমান ঠিকানা :
- স্থায়ী ঠিকানা : গ্রাম/ মহল্লা : ডাকঘর :
উপজেলা/থানা : জেলা :
- টেলিফোন/ মোবাইল নম্বর : টেলিফোন : মোবাইল :
- প্রবাসী পিতা/মাতার তথ্যাদি :

ক্র/নং	পাসপোর্ট নম্বর	দেশের নাম	কর্মস্থলের নাম- ঠিকানা	ফোন/ক্যান্সা/ই-মেইল
১.				
২.				
৩.				

১২. প্রবাসী কর্মী হিসেবে কর্মরত অবস্থায় মৃত্যুর ক্ষেত্রে মৃত্যুর তারিখ(মৃত্যুভাঙ্গ সনদসহ) :, দেশের নাম :

সংযুক্তিঃ (প্রয়োজনে অতিরিক্ত কপিও ব্যবহার করা যাবে)

তারিখঃ

ছাত্র/ছাত্রীর স্বাক্ষর

(শিক্ষার্থীর অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক পূরণ করতে হবে)

প্রত্যয়ন করা যাচ্ছে যে, (শিক্ষার্থীর নাম)ঃ পিতা :
মাতা : অত্র প্রতিষ্ঠানের একজন নিয়মিত ছাত্র/ছাত্রী। সে বর্তমানে শ্রেণী, রোল নম্বর :
বিভাগ/গ্রুপ : অধ্যয়ন করছে। আমার জ্ঞান ও বিশ্বাসমতে সে উত্তম চরিত্রের অধিকারী এবং তার আচরণ ও শিক্ষাগত অগ্রগতি সন্তোষজনক।

প্রতিষ্ঠানের নাম- ঠিকানা ও ফোন/মোবাইল নম্বর
.....

শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধানের স্বাক্ষর
(নামযুক্ত মীলাসহ)